বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
নেত্রকোণা
www.ecs.gov.bd

নং-১৭.০৯.৭২০০.০০০.৪৪.০০৪.২৬- ৪৩৭

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫' এবং সংশোধিত বিজ্ঞপ্তি অনুসারে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা মোতাবেক আসন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের **(জেলা পরিষদ ব্যতীত)** নির্বাচন উপলক্ষে নেত্রকোণা জেলার ১০টি উপজেলার অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সকল ইউনিয়ন ও পৌরসভার সকল ভোটার এলাকা সমূহের **উপজেলা পরিষদ নির্বাচন, পৌরসভা নির্বাচন ও ইউনিয়ন পরিষদ নির্বাচন**-এর ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করা হলো।

২। খসড়া ভোটকেন্দ্রের তালিকাসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় এবং উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে অফিস চলাকালীন সময়ে প্রদর্শন করা হবে। প্রকাশিত ভোটকেন্দ্রের তালিকার উপর নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা হবেঃ-

| ক্রমিক | বিষয় | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ | ১০ আগস্ট ২০২৬ |
| ২. | ভোটকেন্দ্রের খসড়া তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখ | ১৮ আগস্ট ২০২৬ |
| ৩. | প্রাপ্ত দাবী/আপত্তি নিষ্পত্তির শেষ তারিখ | ২৩ আগস্ট ২০২৬ |
| ৪. | খসড়া ভোটকেন্দ্রের সম্ভাব্য তালিকা চূড়ান্তকরণ | ২৭ আগস্ট ২০২৬ |

৩। উল্লেখ্য যে, আসন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের **(জেলা পরিষদ ব্যতীত)** নির্বাচন উপলক্ষে প্রকাশিত **উপজেলা পরিষদ নির্বাচন, পৌরসভা নির্বাচন ও ইউনিয়ন পরিষদ নির্বাচন**-এর খসড়া ভোটকেন্দ্র সম্পর্কে কারো কোন দাবী/আপত্তি থাকলে **জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা** বরাবর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে আগামী **১৮ আগস্ট ২০২৬** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন দাখিল করা যাবে।

(মোহাম্মদ তোফায়েল হোসেন)
জেলা নির্বাচন অফিসার
নেত্রকোণা
ফোন: ০২-৯৯৮৮২৭৩৪৮

নং-১৭.০৯.৭২০০.০০০.৪৪.০০৪.২৬- ৪৩৭

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):-

০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
০২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ...................................,নেত্রকোণা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার,............................,নেত্রকোণা।
০৭। সিনিয়র সহাকারী সচিব, নির্বাচন সহায়তা-১, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৮। জেলা তথ্য অফিসার, নেত্রকোণা [তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ]।
০৯। প্রশাসক,.................................পৌরসভা, নেত্রকোণা [তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১০। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), নেত্রকোণা [তাঁকে বিজ্ঞপ্তিটি নিজ কার্যালয়সহ সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১১। অফিসার ইনচার্জ,..................................থানা, নেত্রকোণা।
১২। চেয়ারম্যান/প্রশাসক, .......................ইউনিয়ন পরিষদ, ....................উপজেলা, নেত্রকোণা [তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১৩। অফিস কপি।

জেলা নির্বাচন অফিসার
নেত্রকোণা।